Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 08 May, 2025

মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডাদেশের বিরুদ্ধে জামায়াতে ইসলামীর নেতা এটিএম আজহারুল ইসলামের আপিলের ওপর শুনানি শেষ হয়েছে।এই বিষয়ে আগামী ২৭ মে রায় দেবেন আপিল বিভাগ।আজ বৃহস্পতিবার প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন ৭ বিচারপতির পূর্ণাঙ্গ আপিল বেঞ্চে আপিল শুনানি হয়।

এটিএম আজহার পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির।শুনানিতে তিনি বলেন, 'আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার ছিল সাজানো।আইন সংশোধন, ট্রাইব্যুনাল গঠন সবই ছিল পূর্ব পরিকল্পিত।বিচারের নামে অবিচার করে জামায়াতের নেতাদের ফাঁসি দেওয়া হয়েছে।সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার লেখা ব্রোকেন ড্রিম বইয়ে বিষয়টি উঠে এসেছে।

মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকার মামলায় ২০১৪ সালের ৩০ ডিসেম্বর এটিএম আজহারুল ইসলামকে মৃত্যুদণ্ডাদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।এর বিরুদ্ধে আপিল করলে ২০১৯ সালের ৩১ অক্টোবর মৃত্যুদণ্ড বহাল রাখেন আপিল বিভাগ।এরপর ওই রায় রিভিউ চেয়ে ২০২০ সালের ১৯ জুলাই আপিল বিভাগে আবেদন করা হয়।

গত ২৬ ফেব্রুয়ারি রিভিউ আবেদন শুনানি শেষে আপিল বিভাগ লিভ (আপিলের অনুমতি) মঞ্জুর করে আদেশ দেন।এরপর আপিল শুনানি হয়।

মৃত্যুদণ্ডাদেশ জামায়াত ইসলামী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:11

URL: https://timestodaybd.com/public/politics/6597852145